RNI No. 71057/96

Bengali fortnightly newspaper

পূর্বোত্তর

১৯৯৬ সন থেকে প্রকাশিত

www.facebook.com/purbottar
www.purbottar.in

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি পুরস্কার পেলেন পৃথ্বীশ রাণা

পৃষ্ঠা- ৫

বিজ্ঞপ্তি

আপনাদের গল্প, কবিতা, মৌলিক রচনা আমাদের contact@purbottar.in –এ ই-মেইল অথবা, 7547930235 নাম্বারে হোয়াটস্ অ্যাপ করুন।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন- 9775273453

বর্ষ: ২৬, সংখ্যা: ১৩, কোচবিহার, শুক্রবার, ১ জুলাই – ১৪ জুলাই, ২০২২, পৃষ্ঠা সংখ্যা: ৮

Vol: 26, Issue: 13, Cooch Behar, Friday, 1 July - 14 July, 2022, Pages: 8, **Rs. 3**

ঘাস ফুল ফুটলো পাহাড়ে, অভিনন্দন জানালেন মুখ্যমন্ত্রী

দার্জিলিং: পাহাড়ে এককভাবে জিটিএ দখল করল ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা। উল্লেখযোগ্য ভালো ফলাফল করেছে তৃণমূল কংগ্রেসেও।

প্রায় দশ বছর পর পাহাড়ে জিটিএ নির্বাচন হল। এই নির্বাচন নিয়ে বহুদিন ধরেই নানা জটিলতা চলছিল। নির্বাচন বাতিলের দাবিতে বিমল গুরুং আমরণ অনশনে পর্যন্ত বসেছিলেন। যদিও শারীরিক অসুস্থতার কারনে পরে তাঁকে অনশন বন্ধ করতে হয়েছিল। পরবর্তীতে মত বদলে তাঁর দলের সদস্যরাও ভোটে অংশ নেয়। বেশকিছু আসনে তারা নির্দল প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করে মোট সাতটি আসনে তাঁরা জিতেছে। ভালো ফল করেছে পাহাড়ের রাজনীতিতে নতুন উঠে আসা নতুন দল হামরো পার্টিও। মোট সাতটি আসনে তাঁরা জয়ী হয়েছে।

জিটিএ নির্বাচনে সবচেয়ে বেশি আসন পেয়েছে অনিত থাপার ভারতীয় গোর্খা প্রজাতান্ত্রিক মোর্চা। তারা জিতেছে ২৬টি আসনে। অন্য দিকে ভোট বয়কট করেছে সিপিআরএম, জিএনএলএফ এবং বিজেপি।

পাহাড়েও এবার ধীরে ধীরে শক্তি বিস্তৃত হচ্ছে রাজ্যের শাসক শিবিরের। সমতলে বিপুল জয়ের পর এবার প্রথমবারের জন্য ঘাস ফুল ফুটেছে পাহাড়ে। প্রথমবার পাহাড়ে জিটিএ নির্বাচনে লড়েছে তৃণমূল কংগ্রেস। আর তাতেই ভালো ফল করেছে ঘাসফুল শিবির। ১০ টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে ৫ টি আসনে জিতেছে তারা। এই আসনগুলির মধ্যে ডালি কেন্দ্র থেকে জয়ী হয়েছেন তৃণমূল প্রার্থী বিনয় তামাং।

সব মিলিয়ে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় অত্যন্ত খুশি। এই জয়ের জন্য তিনি মা-মাটি-মানুষকে ধন্যবাদ জানিয়েছেন। পাহাড়ের মানুষের জন্য রয়েছে তাঁর অভিনন্দন। এদিকে, শিলিগুড়ি মহকুমা পরিষদের ভোটেও তৃণমূল কংগ্রেসের জয়জয়কার হয়েছে। একক ভাবে শিলিগুড়ি মহকমা পরিষদ দখল করেছে তৃণমূল। এর সঙ্গে উত্তরবঙ্গে তাদের ভিটে পুরোপুরি ভাবে মজবুত করতে সক্ষম হয়েছে রাজ্যের শাসক দল।

শিলিগুড়ি মহকুমা পরিষদ নির্বাচনেও দাপট তৃণমূলের

শিলিগুড়ি: মহকুমা পরিষদ দখল করল রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেস। মহকুমা পরিষদের ৯টি আসনের মধ্যে ৮টি আসনেই জয় পেয়েছে তৃণমূল কংগ্রেস। অন্যদিকে, ৪টি পঞ্চায়েত সমিতিও নিজেদের দখলে রেখেছে শাসকদল। পঞ্চায়েত সমিতির গণনার পর পরই শুরু হয়ে যায় তৃণমূল কংগ্রেসের উচ্ছাস।

২২ টি গ্রাম পঞ্চায়েতের ২০ টি অর্থাৎ ৪২৩ টি আসনের মধ্যে ৩১১ টি আসন দখল করেছে তৃণমূল কংগ্রেস। অনেকটা পিছিয়ে বিজেপি দখল করেছে গ্রাম পঞ্চায়েতের মাত্র ৭৪ টি আসন। কংগ্রেসের দখলে গিয়েছে ১৬ টি এবং সিপিএম ১২ টি আসন পেয়েছে।

৪টি পঞ্চায়েত সমিতির ভোট গণনা শুরুতে খড়িবাড়ি ১২টি গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সমিতির মধ্যে ৯টি তৃণমূল কংগ্রেস জয়লাভ করে। তিনটিতে বিজেপি জয় পায়। মাটিগাড়া পঞ্চায়েত সমিতির ১৫টি আসনের মধ্যে ১২টি তৃণমূল এবং তিনটি আসন বিজেপির দখলে গিয়েছে। ফাঁসিদেওয়া পঞ্চায়েত সমিতির

২১টি আসনের মধ্যে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি আসনে জয়ী হয়েছে। অন্যদিকে, ২২টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৯টি আসনই তৃণমূল কংগ্রেসের দখলে রয়েছে। নকশালবাড়িতে পঞ্চায়েত সমিতির ১৮টি আসনের মধ্যে একটি মাত্র বিজেপি দখল করতে পেরেছে। বাকি ১৭টি তৃণমূল নিজেদের দখলে রাখতে পেরেছে।

উল্লেখযোগ্যভাবে, মহকুমা পরিষদের আসনে পরাজিত হয়েছেন তৃণমূল কংগ্রেসের সভাধিপতি প্রার্থী তথা গতবারের বিজয়ী প্রার্থী কাজল ঘোষ। পরাজিত হয়েছেন সিপিএম নেতা গৌতম ঘোষ। জয়ী হয়েছেন তারকা প্রার্থী রুমা রেশমি এক্কা, নলিনী রঞ্জন রায় ।

যদিও ভোট গণনার সময় কারচুপির অভিযোগ এনেছে বিজেপি। এই নিয়ে গণনা কেন্দ্রের ভিতরেই রিটার্নিং অফিসারের কার্যালয়ের সামনে বিক্ষোভে বসে পড়েন বিজেপি কর্মী-সমর্থকরা। তাঁরা অভিযোগ করেন, কাউন্টিংয়ের সময় বিজেপি প্রার্থী ও কাউন্টিং এজেন্টের অবর্তমানে ফলাফল ঘোষণা করা হয়। জয়ী ঘোষণা করা হয় মহকুমা পরিষদের তৃণমূল কংগ্রেসের প্রার্থী কুমুদিনী বারিককে। আর এরপরেই ক্ষোভে ফেটে পড়েন বিজেপি কর্মী সমর্থকরা।

ব্লক বিজেপি সভাপতি সন্তোষ সিংহ বলেন, "আমাদের অনুপস্থিতিতে আচমকা তৃণমূল কংগ্রেসের প্রার্থীকে জয়ী ঘোষণা করা হল। আমাদের নথি পর্যন্ত দেখানো হল না। আমরা চাই পুনরায় কাউন্টিং হোক"।

কোর্টের নির্দেশ মতো চলতি মাসেই চাকরি পাচ্ছেন ববিতা

কলকাতা: অবশেষে সমাপ্তি হলো দীর্ঘ লড়াই, মিললো স্বীকৃতি। নিজ যোগ্যতায় জয় হলো ববিতার। দীর্ঘ লড়াইয়ের পর আদালতে জয় পেয়েছিলেন ববিতা। কিন্তু এত সব কিছুর পরেও অবশেষে চাকরিটা পাবেন কিনা তা নিয়ে কিঞ্চিৎ সংশয় ছিল রাজ্যের মন্ত্রী পরেশ

অধিকারীর কন্যা অঙ্কিতার বিরুদ্ধে বেআইনি ভাবে স্কুলে চাকরি পাওয়ার অভিযোগ আনা ববিতা সরকারের।

এবার কেটে গেল সেই সংশয়। আদালতের নির্ধারণ করে দেওয়া দিনেই স্কুলে চাকরির নিয়োগের সুপারিশপত্র পেলেন ববিতা। কলকাতা হাইকোর্টের নির্দেশ মতো ববিতা সরকারকে কোচবিহারের মেখলিগঞ্জের ইন্দিরা উচ্চ বিদ্যালয়ে নিয়োগ করা হবে।

আদালতের নির্দেশ ছিল, ২৭ জুনের মধ্যেই ববিতাকে নিয়োগ করতে হবে। ৩০ জুন যাতে চাকরিতে যোগদান করতে পারেন ববিতা তা নিশ্চিত করবেন ডিআই। সেই নির্দেশ অনুসারেই গতকাল ববিতা পেলেন চাকরির নিয়োগের সুপারিশ পত্র।

২৭ জুন বিকেলে স্বামী সঞ্জয় কর্মকারের সঙ্গে সল্টলেকে এসএসসির দফতরে যান তিনি। সেখান থেকেই এই সুপারিশ পত্র হাতে পান ববিতা। 'যুদ্ধ' পূর্ণাঙ্গভাবে জয় করে ববিতা এদিন জানান, তিনি খুবই খুশি। এদিন সুপারিশ পত্র পাওয়ার পর এবার তিনি পাবেন নিয়োগ পত্র, তারপর অবশেষে স্কুলের চাকরি।

রাজ্যের শিক্ষা প্রতিমন্ত্রী পরেশ চন্দ্র অধিকারীর কন্যার চাকরি বাতিল করেছে হাইকোর্ট। কারণ প্রাথমিক মেধা তালিকায় মন্ত্রী কন্যা অঙ্কিতা অধিকারীর নাম না থাকলেও পরে তাঁর নাম ২১ নম্বর থেকে সোজা এক নম্বর আনা হয়। ববিতার মেধা তালিকায় ২০ নম্বরে নাম ছিল। সে চলে যায় ২১ নম্বরে। তাই আদালত তাঁকে চাকরি দেওয়ার বিষয়টি সর্বাগ্রে গুরুত্ব দিয়েছে।

পাশাপাশি আদালতে আরও নির্দেশ ছিল, চাকরির প্রথম দিন থেকে শেষ দিন পর্যন্ত বেতনের সমস্ত টাকা ফেরত দিতে হবে পরেশ অধিকারীর মেয়ে অঙ্কিতা অধিকারীকে আর সেই টাকা পাবেন ববিতা। তিনি অবশ্য জানিয়েছেন, এই টাকা সমাজসেবা মূলক কাজে লাগাবেন, ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করবেন না।

রাজ্যজুড়ে দুর্নীতির প্রতিবাদে কোচবিহারে বিজেপির মহামিছিল

দেবাশীষ চক্রবর্তী

কোচবিহার: রাজ্যজুড়ে খুন সন্ত্রাস এবং বিভিন্ন দুর্নীতির প্রতিবাদে কোচবিহার জেলা বিজেপির পক্ষ থেকে মহামিছিলের আয়োজন করা হয়। মহা মিছিলে অংশগ্রহণ করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিজেপির জেলা দলীয় কার্যালয় থেকে মিছিল বেরিয়ে কোচবিহার শহর পরিক্রমা করে সুনীতি রোড ঘাস বাজারে শেষ হয় মিছিল। মিছিল শেষে পথসভায় বক্তব্য রাখেন শুভেন্দু অধিকারী।

পথসভায় বক্তব্য রাখতে গিয়ে কড়া ভাষায় রাজ্য সরকারের সমালোচনা করেন তিনি। মঞ্চ থেকে রাজ্যের স্কুল শিক্ষা দপ্তরের প্রতিমন্ত্রী পরেশ চন্দ্র অধিকারীকে কড়া ভাষায় আক্রমণ করেন তিনি। একইসঙ্গে নাম না করে রবীন্দ্রনাথ ঘোষ এবং উদয় গুহকে আক্রমণ করে বলেন, একজন লম্বা মন্ত্রী ছিলেন প্রাইমারিতে ১০-১২ লক্ষ টাকা করে নিয়েছে। দুই হাতে মাল তুলেছে। আরেকজন ফরওয়ার্ড ব্লক এর বড় নেতার ছেলে বীজ সাপ্লাই করতো। সেই বীজ থেকে চারা বের হতো না। এরা কত চাকরি বিক্রি করেছে? পাশাপাশি মুখ্যমন্ত্রীকে মূর্খ মুখ্যমন্ত্রী ও বলে আক্রমণ করেন তিনি।

শুভেন্দু অধিকারীর মিছিলের প্রতিবাদে প্রতীকি পথ অবরোধ করে বিক্ষোভ তৃণমূলের

দেবাশীষ চক্রবর্তী

বক্সিরহাট: কোচবিহারের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মহামিছিলের বিরুদ্ধে বক্সিরহাটে কালো পতাকা হাতে নিয়ে প্রতিবাদ মিছিল ও প্রতীকী পথ অবরোধ করল তৃণমূল।

সারদাকাণ্ডে মূল অভিযুক্ত শুভেন্দু অধিকারী কে গ্রেপ্তারের স্লোগান তুলে কালো পতাকা নিয়ে জাতীয় সড়কে মিছিল করার পাশাপাশি, অসম-বাংলা সীমানায় প্রতীকী প্রতিরোধ করে বিক্ষোভ দেখায় তৃণমূলের তুফানগঞ্জ-২ নং ব্লক নেতৃত্বরা।

এ বিষয়ে তৃণমূলের ব্লক সাধারণ সম্পাদক সুরেশ বর্মন বলেন, সারদা কাণ্ডের মূল অভিযুক্ত শুভেন্দু অধিকারী আজকের মহামিছিলের বিজেপি শাসিত পড়শী রাজ্য আসাম থেকে বিজেপি কর্মীদিয়ে মিছিল ভরাট করছে। পাশাপাশি তাকে গ্রেফতারের দাবিতে প্রতীকী অসম - বাংলা সীমানা জাতীয় সড়ক পথ অবরোধ করে বিক্ষোভ দেখালো তৃণমূল। সোমবার তৃণমূলের এই বিক্ষোভ মিছিলে অপ্রীতিকর ঘটনা এড়াতে জোড়াইমোড় এলাকায় মোতায়েন থাকে বক্সিরহাট থানার বিশাল পুলিশ বাহিনী।

বেহাল রাস্তায় ধানের চারা রোপন করে বিক্ষোভ

উত্তর দিনাজপুর: বেহাল রাস্তায় ধানের চারা রোপন করে বিক্ষোভ। উত্তর দিনাজপুরের গোয়ালপোখর-এক নং ব্লকের মজলিশপুরের ঘটনা। দীর্ঘদিনের বেহাল রাস্তা সংস্কারের দাবী পুরণ না হওয়াতে একাধিক গ্রামের কয়েক শতাধিক বাসিন্দাদের এই বিক্ষোভে কার্যত চাঞ্চল্য।

এলাকাবাসীদের অভিযোগ, ধরমপুর-দুই নং গ্রাম পঞ্চায়েতের অধীন মজলিশপুর থেকে শান্তিনগর কলোনীর ৩১নং জাতীয় সড়ক পর্যন্ত কয়েক কিলোমিটার রাস্তার কোনো অস্তিত্ব নেই। বড়বড় গর্তে ক্রমশই ঘটছে দুর্ঘটনা।এদিকে বর্ষার শুরুতেই বৃষ্টির জল জমে সেইসব গর্তগুলো হয়ে উঠেছে কার্যত মরণ ফাঁদ। এদিকে মজলিশপুর, ধরমপুর, চুরাপুট্টি সহ একাধিক গ্রামের বিস্তীর্ণ এলাকার বাসিন্দাদের গোয়ালপোখর ব্লক, গোয়ালপোখর থানা এমনকি ইসলামপুরে যাওয়ার এই একমাত্র রাস্তা। অথচ স্থানীয় গ্রাম পঞ্চায়েতের বা প্রশাসনের কোনো নজরই নেই। দীর্ঘদিন ধরে দরবার করেও শুধুই আশ্বাসই মিলেছে। ইতিপূর্বে উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের তরফে আর্থিক বরাদ্দে কিছুটা অংশে বছর কয়েক আগে কাজ শুরু হয়েছিল। কিন্তু মাত্র প্রায় দু'শ মিটারের পর কাজ থমকে যায়।

যে কারনে বছরের পর বছর এই রাস্তার বেহাল দশা কাটেনি। এদিকে রাস্তা এতটাই খারাপ যে ওই পথে রোগীদের নিয়ে অ্যাম্বুলেন্সও যেতে চায় না। বিশেষ করে প্রসূতিদের হাসপাতালে পৌঁছাতে যথেষ্টই বেগ পেতে হয় বলে অভিযোগ স্থানীয়দের। অপরদিকে দিন কয়েক ধরেই শুরু হয়েছে বৃষ্টি। বর্ষার প্রথমার্ধেই খানা খন্দে ও বড়বড় গর্তে জল জমে চলাচলের অযোগ্য হয়ে উঠেছে। এতে বিশেষত রোগীদের নিয়ে যাতায়াতে তীব্র সমস্যায় পড়তে হবে। তাই দ্রুত এই রাস্তা সংস্কারের দাবী জানিয়ে ২২ জুন মজলিশপুর এলাকায় রাস্তার বড়বড় গর্তে জমা জলে ধানের চারা লাগিয়ে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। যদিও এলাকার সমস্যার কথা তাদের জানা এবং প্রশাসনের উচ্চস্তরে বিষয়টি জানিয়ে দ্রুত রাস্তাটি সংস্কার করা হবে বলে আশ্বাস দিয়েছেন স্থানীয় গ্রাম পঞ্চায়েতের উপ প্রধান। এখন কতদিনে এই সমস্যার সমাধান হয় তাই দেখার।

চা বাগানগুলিতে পানীয় জলের সংকট

শিলিগুড়ি: শিলিগুড়ি মহকুমার চা বাগান ও পার্শ্ববর্তী গ্রামে পরিস্রুত পানীয় জল পৌঁছে দিতে কেন্দ্রীয় সরকারের সজলধারা প্রকল্প মুখ থুবড়ে পড়েছে। উল্লেখ্য, প্রায় প্রতিটি চা বাগানেই শ্রমিকদের পানীয় জলের সংকট দীর্ঘদিনের। এর থেকে নিস্তার দিতে কেন্দ্রীয় সরকার চা বাগানে সজল ধারা প্রকল্প তৈরি করে। প্রতিটি প্রকল্প বাবদ প্রায় কোটি টাকা খরচ হয়। যারা সজলধারার জল ব্যবহার করবেন তাঁদের বিদ্যুতের বিল ও রক্ষণাবেক্ষণ বাবদ টাকা দেওয়ার কথা। প্রথমে বছরখানেক ঠিকঠাক চললেও বিদ্যুতের বিল বকেয়া পড়তেই বিল পরিশোধ করতে উপভোক্তারা আর রাজি হননি। ফলে বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়। এরপর আর সংযোগ চালু হয়নি।

আপার বাগডোগরা গ্রামপঞ্চায়েতের অধীন কমলপুর চা বাগানের হাওড়া লাইনের সজলধারা প্রকল্পটি বর্তমানে ধ্বংসপ্রায়। এই বাগানের কর্মী তথা আদিবাসী বিকাশ পরিষদের নেতা প্রোগ্রেসিভ টি ওয়ার্কার্স ইউনিয়নের তরাই-ডুয়ার্স কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান ঝাড়ি ওরাঁও বলেন, বাম সরকারের সময় ২০০৭ সালে এখানে সজলধারা প্রকল্প তৈরি হয়েছিল। কিছুদিন চলার পর তা বন্ধ হয়ে যায়। এরপর ২০১৮ সালে তরাই-ডুয়ার্স আদিবাসী টেরিটোরিয়াল ডেভলপমেন্ট টাস্ক ফোর্স ২০০ ফুট গভীর বোরিং করে সোলারের সাহায্যে জল তুলে আটটি কল থেকে জল দেওয়া হত। এইভাবে তিনবছর চলার পর সোলার খারাপ হয়ে যাওয়ায় তাও বন্ধ হয়ে যায়। তাই শ্রমিকদের এখন একমাত্র ভরসা কুয়োর জল।

কলমপুর চা বাগানের ম্যানেজার দিবেন্দুশেখর রায় বলেন, এখানকার সজলধরা থেকে পাশের ডিফেন্স কলোনির বাসিন্দারা জল পেতেন। এখন সব বন্ধ। সজলধারার সামগ্রী চুরি হয়ে যাচ্ছে। পুলিশে অভিযোগ জানাতে গেলেও পুলিশ তা নেয়নি। এদিকে শিলিগুড়ি মহকুমা পরিষদের প্রাক্তন সভাপতি তাপস সরকার বলেন, কমলপুর, ত্রিহানা, কিরণচন্দ্র, মানঝা, মোহরগাঁও গুলমা, প্রভৃতি চা বাগানে এই সজলধারা প্রকল্প চালু করা হয়েছিল। আমি নিজে গ্রাম পঞ্চায়েত প্রধান ও চা বাগানের ম্যানেজারদের নিয়ে কয়েকে দফা আলোচনা করেছিলাম কিন্তু সমস্যা মেটানো সম্ভব হয়নি।

শিলিগুড়িতে কামাখ্যা মন্দিরের আদলে তৈরী হলো মায়ের মন্দির

শিলিগুড়ি: শিলিগুড়ি সংলগ্ন নেপালি বস্তিতে কামাখ্যা মন্দিরের আদলে তৈরী হল মায়ের মন্দির। বিশ্ব শান্তি যজ্ঞের মধ্য দিয়ে ২২ জুলাই মন্দিরের উদ্বোধন করা হয়েছে। রাজগঞ্জ ব্লকের বিন্নাগুরি গ্রাম পঞ্চায়েতের নেপালি বস্তি বৈকণ্ঠপুর জঙ্গল লাগোয়া গ্রামে তৈরি হয়েছে দশমহাবিদ্যা মন্দির, এই মন্দিরে রয়েছে মায়ের ৫ রুপের উপরে আলাদা আলাদা মন্দির সাথে শিব মন্দির।

মন্দির পরিচালন কমিটির কথায় দেশের স্বাধীনতার আগে তৎকালীন কোচবিহারের কোচ রাজা ও রানি অপূর্ব সুন্দর এই পরিবেশে ছুটে আস্তেন বার বার। তৎকালীন কোচ রাজা ছুটি কাটাতে এসে ফাঁড়াবাড়ি এই স্থানে একটি বটগাছে পুজো দিতেন এবং গাছটির পাশে তৈরী হয় মায়ের একটি মন্দির। ওই বটগাছ ও রাজা - রানির পুজিত মন্দিরের এখন বয়স হয়েছে অনেকটা। তাকেই বিশ্বাস করে স্থানীয়দের পাশাপাশি উত্তরবঙ্গের বিভিন্ন এলাকার ভক্তরা পুজো দিতে আসেন এই স্থানে। বর্তমানে মন্দির স্থলটি হয়ে উঠেছে একটি তীর্থস্থান। তাই কোচ রাজা-রানির ভ্রমন স্থলে আসামের কামাখ্যা মন্দিরের আদলে তৈরী করে স্থানীয় যুবকদের কর্মস্থানের পথ খুলবে বলেই মনে করছেন সকলে।

পাশাপাশি জলপাইগুড়ি জেলার অন্তর্গত ফাঁড়াবাড়ি এলাকা শহর শিলিগুড়ি পার্শ্ববর্তী এলাকায় হওয়ায় খুব সহজে এই এলাকাটি ভক্তদের পাশাপাশি পর্যটকদের কাছেও খুব সহজে পর্যটন স্থল হয়ে উঠবে বললে মনে করছেন স্থানীয়দের একাংশ।এদিন যজ্ঞ ও পুজো অর্চনার মধ্যে দিয়ে মন্দিরের উদ্বোধন করে শিলিগুড়ি পুর নিগমের চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী।

সিতাই-এ মহিলা তৃণমূল কংগ্রেসের প্রস্তুতি সভা

কোচবিহার: একুশে জুলাইকে সামনে রেখে সিতাই কমিউনিটি হলে মহিলা তৃণমূল কংগ্রেসের ডাকে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হলো। ২৮ জুন বিকেলে এই প্রস্তুতি সভা আয়োজিত হয়। এদিন এই মহিলা তৃণমূল কংগ্রেসের প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন সিতাই বিধানসভার বিধায়ক জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া, কোচবিহার জেলা মহিলা তৃণমূলের সভানেত্রী সুস্মিতা দত্ত দেবশর্মা,সিতাই ব্লক পঞ্চায়েত সমিতির সভাপতি তথা ব্লক মহিলা তৃণমূলের সভানেত্রী সংগীতা রায় বসুনিয়া, সিতাই ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতির মুক্তিপদ মণ্ডল ছাড়াও অন্যান্য মহিলা তৃণমূল কংগ্রেসের নেতৃত্ব ও দলীয় কর্মীরা।

এদিন এই প্রস্তুতি সভায় বক্তব্য রাখতে গিয়ে সিতাই বিধায়ক বলেন আমরা বরাবরই আমাদের ব্লকে মহিলাদের সামনে সারিতে রেখেছি। আমাদের ৫টি পঞ্চায়েতের ৫টি তেই মহিলা প্রধান রয়েছেন। এছাড়াও তিনি বলেন আগামী ২০২৩ ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে সিতাই বিধানসভায় ৮১ টি পঞ্চায়েতের মধ্যে ৪১ জন মহিলা পঞ্চায়েত সদস্য নির্বাচনের লড়বেন।

কৃষি দপ্তরের উদ্যোগে মালদায় সম্পূর্ণ জৈব পদ্ধতিতে চাষ

মালদা: কৃষি দপ্তরের উদ্যোগে এই প্রথম মালদায় ধান চাষের ক্ষেত্রে সম্পূর্ণ জৈব পদ্ধতি ব্যবহার করা হচ্ছে। প্রায় ১২ একর জমিতে জৈব পদ্ধতিতে ধান চাষ করে জৈব গ্রাম প্রদর্শনীর উদ্যোগ নিয়েছে কৃষি দপ্তর। কৃষকদের ধানের বীজ শোধন এবং জৈব পদ্ধতিতে চাষের প্রশিক্ষণ দেওয়ার কাজ শুরু করেছে জেলা কৃষি দপ্তরের কর্তারা। এমনকি ধানের জমি পরিচর্চার সমস্ত বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে কৃষি দপ্তরের উদ্যোগে।

হবিবপুর ব্লক কৃষি দপ্তর সূত্রে জানা গিয়েছে, মোট ১২ একর অর্থাৎ ৯০ বিঘা জমিতে এই চাষ হবে। প্রায় ৪০ জন কৃষককে নেওয়া হয়েছে জৈব পদ্ধতিতে আমন ধান চাষ করার জন্য। তাঁরা নিজেরাই চাষ করবেন। তবে সমস্ত রকম সাহায্য করা হবে কৃষি দপ্তরের পক্ষ থেকে। মালদা জেলার হবিবপুর ব্লকেই পাইলট প্রজেক্ট হিসাবে এই জৈব গ্রাম প্রর্দশনী করা হয়েছে। কৃষকদের নিয়ে একটি কমিটি তৈরি করা হয়েছে। তাদের মধ্যে একজনকে দলের হেড করা হয়েছে। তিনি পরিচালনা করবেন গোটা দল। কৃষি দপ্তরের পক্ষ থেকে নিয়মিত তাদেরকে পরামর্শ দেওয়া হবে এই চাষ সম্পর্কে।

জৈব গ্রাম প্রদর্শনী ক্ষেত্রে গোবিন্দভোগ ধান চাষ শুরু করেছেন কৃষকেরা। রাসায়নিক সার ব্যবহার করে চাষাবাদ করায় অনেকক্ষেত্রেই জমির উর্বরতা হ্রাস পাচ্ছে। পাশাপাশি উৎপাদিত ফসলের গুণগতমান অনেক কম। সাধারণ কৃষকদের মধ্যে জৈব পদ্ধতিতে ধান চাষ প্রচলন করতে কৃষি দপ্তর এমন উদ্যোগ গ্রহণ করেছে। এই মরশুমে জৈব গ্রাম প্রদর্শনী ক্ষেত্র সফল হলে আগামীতে আরও বেশি করে করার পরিকল্পনা রয়েছে জেলা কৃষি দপ্তরের।

টানা বৃষ্টিতে জলমগ্ন গিতালদহ গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকা

দেবাশীষ চক্রবর্তী

কোচবিহার: প্রসঙ্গত টানা কয়েকদিনের বৃষ্টিতে প্লাবিত গীতালদহ ১ ও ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বেশ কয়েকটি গ্রাম। উজানে বৃষ্টির কারণে জলস্তর মারাত্মক ভাবে বৃদ্ধি পাওয়ায় বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে ধরলা নদীর জল। তারই ফলস্বরূপ প্লাবিত হয়েছে গীতালদহ ১ ও ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের বেশ কয়েকটি গ্রাম।

গীতালদহ ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের কোনামুক্তা, ভোড়াম ও গীতালদহ ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের দরীবস, জারিধরলা গ্রামের অবস্থা সবথেকে বেশি ভয়াবহ। ইতিমধ্যেই গ্রাম গুলির বেশিরভাগ বাড়ি জলের নিচে চলে যাওয়ায় মানুষসহ গবাদিপশু নিয়ে চরম বিপাকে পড়েছে গ্রামবাসীরা। নিজেদেরকে বাঁচানোর আশায় ও গবাদি পশুকে বাঁচানোর জন্য তারা আশ্রয় নিতে শুরু করেছে বিভিন্ন বিদ্যালয় ও অঙ্গণওয়ারী সেন্টার গুলিতে।

গিতালদহের উভয় গ্রাম পঞ্চায়েতের প্রধানরা জানান ধরলা নদীর জলের কারণে ইতিমধ্যেই এ মাসে তিনবার প্লাবিত হয়েছে এই সব এলাকা এবং তারাও এই জানান এবছর অবস্থা সবথেকে বেশি ভয়াবহ। বানভাসি মানুষদের পক্ষ থেকে একজন জানান গতকাল রাত থেকে তারা অভুক্ত অবস্থায় রয়েছেন। এমত অবস্থায় তারা প্রশাসনের সাহায্য প্রার্থনা করেন। সব মিলিয়ে গীতালদহ ধরলা নদীর জলস্তর বৃদ্ধির কারণে বন্যা পরিস্থিতি যে ভয়াবহ আকার নিয়েছে এবং সেই সাথে নদী তীরবর্তী মানুষদের রাতের ঘুম কেড়ে নিয়েছে সেটা আর বলার অপেক্ষা রাখে না।

অভাবের তাড়নায় পদত্যাগের ইচ্ছা শাসকদলের পঞ্চায়েত সদস্যের

আলিপুরদুয়ার: অভাবের তারনায় পঞ্চায়েতের সদস্য পদ থেকে পদত্যাগ করে ভীন রাজ্যে কাজের উদ্দেশ্যে যাওয়ার ইচ্ছে প্রকাশ, সোশ্যাল মিডিয়ায় বার্তা শাসকদলের পঞ্চায়েত সদস্যর। এর আগেও শাসকদলের পঞ্চায়েত সদস্যের অফুরন্ত কামাই এবং দুর্নীতির বহু খবর এসেছে। কিন্তু এটি যেন এক সম্পূর্ণ উল্টো ছবি।

জন প্রতিনিধিদের এক দল ছেড়ে আরেক গিয়ে দলে গিয়েও পদ আঁকড়ে থাকার অভ্যাস তো পুরোনোই। কিন্তু শামুকতলার অমিতের কথা আলাদা। তিনি দল নয়, নিজের ভিটেই ছাড়ছেন। সেইসঙ্গে নিজের পদটিও আর জোর করে ধরে রাখতে চাইছেন না। এমএ পাশ পঞ্চায়েত সদস্য অমিত ভট্টাচার্য সিদ্ধান্ত নিয়েছেন, তিনি কাজের খোঁজে ভিনরাজ্যে চলে যাবেন। খুব যে খুশি মনে এই সিদ্ধান্ত, তা নয়। সংসার চালাতে, উপার্জন করতে এই পথ বেছে নেওয়া ছাড়া আর কোনও উপায় ছিল না বলে সোশ্যাল মিডিয়ায় লাইভে এসে জানালেন তিনি।

ইতিমধ্যেই ব্লক প্রশাসনের কাছে তার ইস্তফা পত্র জমা করেছেন। তবে পদত্যাগ পত্রের নিয়মগত কিছু ত্রুটি থাকার জন্য তা এখনও গ্রহণ করেনি ব্লক প্রশাসন।

সেই ঘটনাও তিনি তার ভিডিও বার্তায় তুলে ধরেছেন। নিজের পঞ্চায়েত এলাকার সমস্ত বাসিন্দার কাছে হাতজোড় করে ক্ষমা চেয়েছেন অমিত। ইতিমধ্যেই অমিতের এই ভিডিও বার্তায় শোরগোল পড়ে গেছে গোটা এলাকায়। অথচ আশেপাশে চোখ বোলালে আমাদের চোখে অন্যরকম ছবি ধরা পড়ে। পঞ্চায়েত সদস্য হবার পর অল্পদিনের মধ্যেই কাঁচা বাড়ি থেকে পাকা বাড়ি হয়েছে, আঙ্গুল ফুলে কলাগাছ হয়ে গিয়েছে এমন উদাহরণ ভুরি ভুরি। তবে এহেন শাসকদলের পঞ্চায়েত সদস্য রুজি রোজগারের টানে ভিন রাজ্যে পাড়ি দিচ্ছেন। এই ছবি যেন বারবার বুঝিয়ে দিচ্ছে রাজ্যের কর্ম সংস্থানের বর্তমানের অবস্থা।

পুরস্কার

৩০ জুন কোচবিহারে উৎসব অডিটোরিয়ামে হুল দিবস উদযাপন করা হয়। এই অনুষ্ঠানের সূচনায় উপস্থিত ছিলেন কোচবিহারের জেলাশাসক পবন কাদিয়ান, পুলিশ সুপার সুমিত কুমার, কোচবিহার জেলাপরিষদ এর সভাধিপতি উমাকান্ত বর্মন, বিধায়ক জগদীশ বর্মা বসুনিয়া। এদিনের অনুষ্ঠানে ৪৬ জন কৃতি ছাত্রছাত্রীকে আম্বেদকর মেধা পুরস্কার দেওয়া হয়। ছবি- দেবাশীষ চক্রবর্তী

সম্পাদকীয়

অগ্নিবীর প্রকল্প

কেন্দ্রীয় সরকারের আনা অগ্নিপথ নিয়ে শুরু থেকেই গোলমাল চলছে দেশ জুড়ে। সরকার এই প্রকল্প নিয়ে অনেক আশাবাদী থাকলেও, এই প্রকল্পের জন্য সরকারকে অনেক জনরোষে পড়তে হয়েছে। তবে, হঠাৎ করে সামরিক বাহিনীতে চাকরির সরকারের আনা এই প্রকল্প নিয়ে দ্বন্দ্ব বাধল কেন? কেনই বা দেশের হাজার হাজার ছেলে-মেয়ে রাস্তায় নেমে পড়লেন? এটি একটি খুব দুঃচিন্তার বিষয়। এই বিরোধের ফলে সরকার বাধ্য হয়ে প্রকল্পের রূপরেখায় বেশ কয়েকটি পরিবর্তনও এনেছে।

ভারতবর্ষে সামরিক বাহিনীর সদস্য হওয়াটা তরুন ছেলে-মেয়েদের জন্য খুব গর্বের। সাধারণ অবস্থায় আমাদের দেশে দক্ষিণ কোরিয়া বা ইসরায়েলের মতো সামরিক বাহিনীতে যোগ দেওয়া এখনো পর্যন্ত বাধ্যতামূলক নয়। সম্পূর্ণ ভাবেই 'স্বেচ্ছামূলক'।

সামরিক বাহিনীর শক্তি বৃদ্ধি করতে গেলে নিয়োগে জোর দিতেই হবে। অথচ আর্থিক দিক থেকে চিন্তা রয়েছে। বিশেষজ্ঞরা মনে করছেন, তার ফলেই এই বিশেষ পথ তৈরি করতে হয়েছে সরকারকে। তাই এই চার বছরের 'চুক্তিভিত্তিক নিয়োগ'। সরকারের মতে, অগ্নিপথ প্রকল্পের আসল উদ্দেশ্য ভারতীয় সামরিক বাহিনীর শক্তি বাড়ানো। এবিষয়ে জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চার বছর পূর্ণ হওয়ার পর ২৫ শতাংশ অগ্নিবীরদের তিন বাহিনীতে শূন্যপদ এবং যোগ্যতার ভিত্তিতে অন্তর্ভুক্তি করানো হবে এবং বাকি অগ্নিবীরদের উপযুক্ত আর্থিক প্যাকেজ দিয়ে ফিরিয়ে দেওয়া হবে মূল জনস্রোতে।

অনেকে এই চিন্তায় রাস্তায় নেমেছেন যে বাকি ৭৫% অগ্নিবীরদের কি ভবিষ্যৎ হবে? সরকার যদিও বলেছে তাদের জন্য বিভিন্ন সরকারি চাকরির ক্ষেত্রে সংরক্ষণ দেওয়া হবে। তবে জনমত এটাই যে, সরকার এই প্রকল্পের ভালো দিকগুলি তুলে ধরতে অনেকটা ব্যর্থ হয়েছে। এই জনরোষ তারই ফল।

টিম পূর্বোত্তর

সম্পাদকীয় উপদেষ্টা	ঃ দেবাশীষ ভৌমিক
সম্পাদক	ঃ সন্দীপন পন্ডিত
সহ-সম্পাদক	ঃ রনিত সরকার, চিরন্তন নাহা, বর্ণালী দে, লোপামুদ্রা তালুকদার, দেবাশীষ চক্রবর্তী
ডিজাইনার	ঃ সমরেশ বসাক
বিজ্ঞাপন আধিকারিক	ঃ রাকেশ রায়
জনসংযোগ আধিকারিক	ঃ বিমান সরকার

কবিতা

বর্ষা যাপন

- রুদ্র সান্যাল

কোন এক অভিমানী নক্ষত্রহীন রাতে,
ভিজে যাওয়া অমাবস্যা চুপি চুপি নামে।
নীলাভ শার্সির এক কোণে,
নিশ্চুপে চলে বর্ষার আঁকিবুকি খেলা।

গাঢ় কালো অবেলায়,
বোবা চাহনিতে মুছে যাওয়া স্বপ্নের স্মৃতি-
কখনও সখনও ফিরে ফিরে আসে।
শুধুই সাক্ষী থাকে বর্ষার জলছবি।

আটপৌরে বৃষ্টির গন্ধে,
মাতোয়ারা সাদা ক্যানভাসে-
ভেসে ওঠে কেবলই শূন্যতা।
এ শুধুই নীরব বর্ষা যাপন।

প্রবন্ধ

কেন পড়বো বর্ণপরিচয়

....অরুণজিৎ দত্ত

পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত বর্ণপরিচয় বাংলা বর্ণ, অক্ষর ও বানান বিধি শিক্ষার প্রাথমিক এক পুস্তিকা। শুধু এইটুকু বললে কিন্তু বর্ণপরিচয়ের পরিচয় অসম্পূর্ণই থেকে যায়। শিশুর চরিত্র গঠনে এটি একটি অত্যাবশ্যক পাঠ। যেখান থেকে শিক্ষা নিয়ে শিশু সহজ সরল সত্যের সাথে জীবন যাপনের মূল্য ও বোধকে আনন্দের সাথে হৃদয়ঙ্গম করে। তবে কি শুধুই শিশু শিখবে? শিশু তো দেখে শিখতে বেশী পছন্দ করে। তাই শিশুর বর্ণপরিচয় পাঠের সাথে সাথে অভিভাবককেও বর্ণপরিচয়ের চর্চা চালিয়ে যেতে হবে জীবনভোর। বর্ণপরিচয়ের সার্থকতা এখানেই। প্রজন্মের পর প্রজন্ম ধরে একটা আদর্শকে পরম্পরায় বয়ে নিয়ে যাওয়ার অনুশীলনী। একদিকে জন্মের পর শিশু যেমন মাতৃভাষা বাংলাতে বলতে থাকা তার মুখের শব্দ গুলোকে "বর্ণপরিচয়"-এ প্রথম বর্ণের আকারে চিনতে শেখে, তেমনই এই "বর্ণপরিচয়"-এর পাঠ শিশুদের মনের মধ্যে ছবির মতো ফুটিয়ে তোলে সত্য-মিথ্যে, ভালো-মন্দের একটা স্পষ্ট ধারণা। যেখান থেকে সূচনা হয় শিশু চরিত্রের গঠন ।।

শিশু-শিক্ষার্থে শিশুর কি কি গুণ আহরণ করা আর কি কি বদভ্যেস পরিত্যাগ করা উচিত তা নিয়েই "বর্ণপরিচয়"- এ ছোটো ছোটো নীতি গল্পের পাঠ পড়িয়েছেন বিদ্যাসাগর মহাশয়। সেই সব পাঠে গোপাল, নবীন, গিরিশ, রাম, যাদব,মাধব, সুরেন্দ্র, রাখাল এদের গল্প বলে ভালো ছেলের সাথে খারাপ ছেলের গুনগত, চরিত্রগত, চিন্তা-চেতনাগত, স্বভাবগত ও আচরণগত পার্থক্য যেমন সুস্পষ্ট করেছেন; তেমনই খারাপ থেকে ভালো হওয়ার উত্তরণের পথও বাতলে দিয়েছেন – যেন এক আলোয় ফেরানোর দিশারী। আবার যারা ব্যক্তিজীবনে সেই উত্তরণের পথকে গ্রহণ করতে পারে নি তাদেরও ভবিষ্যতের করুণ পরিণতি ফুটিয়ে তুলেছেন সেই সব গল্প কথায়। আজকের শিশু কালকের অভিভাবক। তাই শিশুবেলা থেকে বর্ণপরিচয়ের শিক্ষাকে আত্মস্থ করার পাশাপাশি অভিভাবক হয়েও সেই শিক্ষার চর্চা চালিয়ে যেতে হবে নিরন্তর। ভুবন আর তার মাসির গল্প দিয়ে বাস্তবে অভিভাবকদের চরিত্র শিশুশিক্ষার ক্ষেত্রে কেমন হওয়া উচিত তা শিখিয়ে গেছেন ।।

"বর্ণপরিচয়" শিক্ষা দেয় মান আর হুঁশ নিয়ে বাঁচার, জীবনের আসল বোধের। যে বোধের প্রকাশে ঘটে মানুষের প্রকৃত আত্মবিকাশ।

অল্প পরিসরে বৃহৎ এই আলোচনাকে সংক্ষেপে বলতে গেলে পরিশেষে এ কথা বলতেই হবে যে বর্ণপরিচয়ের পাঠ নিজে পড়ুন, বাচ্চাদের শোনান, পড়ান, বাড়ির বড়দের সামনে পূজার মন্ত্রের মতো ঘরে নিয়মিত পাঠ করতে থাকুন যাতে রোজ রোজ তা সকলের কানে পৌঁছায়। বারবার শুনতে শুনতে যেভাবে কোনো লঘু কথাও জনপ্রিয় হয়, মুখে মুখে ঘোরে ফেরে, সেরকমই ভালো কথা গুলো বার বার কানে শুনতে শুনতে একদিন হৃদয়ে গিয়ে বাজবেই মান আর হুঁশ থাকা মানুষের।

সংখ্যা গরিষ্ঠ মানুষ যেদিন এই "বর্ণপরিচয়" এর পাঠকে আত্মস্থ করে আবার সহজ সরল সত্য জীবনে একে অপরের হয়ে বাঁচতে শুরু করবেন সেদিন আর সংখ্যালঘু মুষ্টিমেয় কিছু খারাপ মানুষের কুকর্ম রক্তবীজের মতো সমাজের সর্বত্র মানুষের মজ্জায়-চিন্তায়- চেতনায় ছড়িয়ে পড়তে পারবে না। কি হবে? কম খাবো,কম পড়বো; কিন্তু মনের শান্তিতে আনন্দে আর নিজের প্রতি নিজের সম্মান বোধ নিয়ে তো মাথা উঁচু করে বুক চিতিয়ে বাঁচবো। এটাইতো আসলে মানুষের অন্তর প্রকৃতি, অথচ তার বিকৃতি ঘটিয়ে আজ আমরা চাইছি কৃত্রিম ভাবে যেন তেন প্রকারে ভালো থাকতে। তাইতো আমরা বেঁচেও যেন বাঁচছি না। নিয়ত ধুঁকছি – আর শুধু নিজে বা নিজেরা ভালো থাকতে চেয়ে নিরন্তর আরো খারাপ থাকছি। তাই "বর্ণপরিচয়" এর হাত ধরে শিশুর শিক্ষার আদর্শ পথ চলা শুরু হোক।।

গল্প

গঙ্গার মা

....রাজকুমার সেন

গঙ্গার মা, কাল একটু তাড়াতাড়ি আসবে তো, কত করে বলে দিলাম দাদাবাবুর আজ অফিসের মিটিং আছে, সন্তুর ইন্টারভিউ, মিন্টুর স্কুলে টেস্ট শুরু হবে।কথাটা বলছিলেন দে বাড়ির কত্রী মনিকা দেবি। তোমাকে এতো করে বললাম তুমি শুনলেনা। অথচ কোনো কিছুর তো বাদ নেই, বৌদি কাল আসবো না আমার ননদ আসবে, পরশু আমার পেট ব্যাথা করছিলো হাসপাতালে গিয়েছিলাম, তরশু গঙ্গার স্কুল থেকে ডেকে ছিলো, এবার কামাই করলেই মাইনে থেকে কেটে নেবো।

গঙ্গার মা চুপ করে কাজে লেগে গেলো। মধ্যিখানে বাড়ির কর্তা রাজীব বাবু বলে উঠলেন ওর কথাটাও তো একটু শোনো,কি জন্য দেরি হলো - কথা টা শেষ হতে না দিয়ে মনিকা চেঁচিয়ে উঠলো, তুমি একদম চুপ করে থাকবে। তোমার প্রশয়ে আজ ওর এই অবস্থা। অর্ধেক বাসন তো আমার মাজা হয়ে গেছে। নাও চা টা খেয়ে আমাকে উদ্ধার কোরো ঘর গুলো ঝাঁট দিয়ে মুছে ফেল, দাদাবাবু পূজায় বসবে।

মনিকা কে একটু নরম দেখে গঙ্গার মা বললো - বৌদি একটা কথা বলবো? মনিকা বললো বলো। আচ্ছা সন্তু কে চাকরি করতে কি বাইরে যেতে হবে? এতো পড়াশোনা করে বাড়িতে থাকতে পারবে না? মনিকা বললো দেখছো তো চাকরির যা বাজার! গঙ্গার মা বললো তুমি রাগ করবে না তো? মনিকা ধমকে উঠলো আবার বক বক শুরু করলে তো? তাড়াতাড়ি হাত চালাও। গঙ্গার মা বললো তুমি বললে না কেন দেরি করলাম! সকাল বেলায় চান করে মন্দিরে গিয়েছিলাম। আজ গঙ্গার সিক্সের ফাইনাল পরীক্ষা শুরু হচ্ছে। সন্তুর ইন্টার ভিউ আছে আর মিন্টুর যাতে ভালো পরীক্ষা হয় এক সাথে সবার জন্য পুজো দিলাম। মনিকা দেবি বললেন সেটা আগে বললেই হতো।শুধু শুধু বকুনি খেলে তো। গঙ্গার মা বলল বৌদি এই নাও ফুল টা ওদের মাথায় ঠেকিয়ে দিও।

দিন চলে যায় নিজের ছন্দে। সন্তু এখন উইপ্রো কোম্পানিতে টেম্পোরারি চাকরি করছে। কিছুদিন পরে পারমানেন্ট হয়ে যাবে। মিন্টু ম্যাথে অনার্স নিয়ে কলেজে ভর্তি হয়েছে।

সকাল বেলায় চায়ের আসরে হঠাৎ মিন্টু বলে উঠলো বাড়িতে যারা কাজ করে তারা অনেকটা কাকের মতো না? এক বাড়ির খবর অন্য বাড়িতে পৌঁছে দেয়, বেশ মজার না! কাল রবীন্দ্র ভবনে মনোজ মিত্রের কাক চরিত্র বলে একটা নাটক দেখলাম। আমার তো গঙ্গার মা পিসির কথা মনে পরে গেলো, মা তুমি ঘরে বসে সব খবর পেয়ে যাও।

ছোটো বেলা থেকে মনিকা দেবি এভাবে ওদের ডাকতে শিখিয়েছে বা ওরাও এভাবে নিজেরাই সম্বোধন করতে শিখেছে যে খবরের কাগজ দেয় তাকে পেপার কাকু ইত্যাদি।

মনিকা দেবি একটু ধমক দিয়ে বললেন ও শুনলে কি ভাববে বলতো? তোদের কত ছোটো থেকে দেখছে।

কলতলায় বাসন মাজতে মাজতে গঙ্গার মা কত খবর যে দিতে থাকে! সেদিন রবিবার ছিলো, সেদিন ও তার ব্যাতিক্রম ছিলোনা। জানো বৌদি –ঐ বেনে বাড়ির মেয়েটা কি বজ্জাত? দেখতে শুনতে সুন্দরী কিন্তু তোর পেটে পেটে এতো! মনিকা বললো কি হয়েছে বলবে তো? আমাদের সন্তুর মতো একটা ছেলের সাথে তার ভালোবাসা আছে গো! ছেলে টা কত করে বলছে একটা চাকরি পাই তারপরে তোমাকে বিয়ে করে ঘরে নিয়ে আসবো। সে মাগীর তর সয়না ।মনিকা ধমকে উঠলো আ কি হচ্ছে কি? সবাই বাড়িতে আছে গঙ্গার মা গলা টা নামিয়ে বললো ছেলেটা যখন তোকে ভালোবাসে তোর অসুবিধার কি আছে তার মানে তুই ওকে বিশ্বাস করিস না! ইতিমধ্যে মিন্টু কখন এসে দাঁড়িয়ে ওদের কথা শুনছিলো কেউ খেয়াল করিনি। মিন্টু বলে উঠলো ঐ ছেলেটা আর মেয়েটা যখন কথা বলছিলো তুমি ওখানে উপস্থিত ছিলে? গঙ্গার মা বলে উঠলো সব কথা শুনতে হয়না বুঝে নিতে হয়! বলেই মিন্টু কে ধমকে উঠলো দ্যাখো বৌদি তোমার ছেলে আমাদের বড়দের কথা শুনছে। আমার মেয়ে ছোটো হতে পারে আমি কিন্তু তোর মায়ের বয়েসি, পাছে ছেলের সামনে বেঁফাস কিছু বলে ফেলে মনিকা একটু ধমক দিয়ে গঙ্গার মাকে বলল আবার ওর সাথে এসব কথা কেন বলছো?

বিকেল বেলায় গঙ্গার মা শুধু দুপুরের বাসন গুলো মেজে দিয়ে চলে যায়, দুপুরে মনিকা দেবি একটু বিশ্রাম নেয় ছেলেরা বাড়িতে থাকলে ওঁরাও একটু শুয়ে নেয় মনিকা পেছনের দরজাটা ভেজিয়ে রাখে গঙ্গার মা কাউকে বিরক্ত করেনা চুপ চাপ কাজ করে চলে যায়।

সন্ধ্যা বেলায় মনিকা লক্ষ্য করলো আজ বাসন তেমনই পড়ে আছে গঙ্গার মা কেন জানিনা আসেনি! পরের দিন সকালে এসেই গঙ্গার মা বলে উঠলো বৌদি কাল আসতে পারেনি ওদের জন্য একটু পিঠে করলাম তুমি তো এবার কিছু করলেনা মিন্টু তো খুব ভালোবাসে দেখেছি! মনিকা বললো আমাদের চাল গুড়োটা কিনে আনা হয়নি। তাছাড়া আমার শরীর টাও ভালো নেই।

বাসন মাজতে মাজতে গঙ্গার মা রোজ অন্য বাড়ির কাহিনী বলে আজ নিজের মেয়েকে নিয়ে বলতে শুরু করলো, বৌদি জানো গঙ্গাটা কখন যে বড় হয়ে গেছে বুঝতে পারিনি, ওর বাবা এতো কষ্ট করে রিকশা চালিয়ে জনমজুর খাটে। তোর ভালো থাকার জন্যই তো তুই যদি পড়াশোনা না করে ছেলে দের সাথে হাসি মসকারা করিস তোর বাবার আর খাটতে ইচ্ছে করবে?ও একটু ও বুঝছেনা গো আমাদের কলোনিটা ভালো নয় গো। সারা দিন আমরা বাইরে থাকি ও ইস্কুলে যায় কি করে? মা বলেই হয়তো এতো চিন্তা হয় খারাপটাই মনে আসে বেশি ।

মনিকা সান্তনার স্বরে বললো তুমি এতো দুশ্চিন্তা করোনা ও এখন ছোটো তো আর একটু বড়ো হলে দেখবে সব ঠিক হয়ে যাবে।

এরপর আরো অনেক গুলো দিন কেটে গেছে সন্তু ঐ কোম্পানিতে পার্মানেন্ট হয়ে গেছে। মিন্টু মাস্টার ডিগ্রী করবে বলে প্রস্তুতি নিচ্ছে। গঙ্গা ক্লাস টেনে পড়ছে সামনে টেস্টপরীক্ষা। একদিন ভোর বেলায় গঙ্গার মা এসে হাজির কাঁদতে কাঁদতে বললো বৌদি আমার সব শেষ, আমি নিঃস্ব হয়ে গেলাম। গঙ্গা কারোর সাথে চলে গেছে! ওর বাবাকে আর বাঁচাতে পারবোনা অনেক কষ্টে মদ টা ছাড়িয়ে ছিলাম আমি এখন কি করবো বুঝতে পারছিনা। মনিকা বললো বসো চা খাও ভগবানের উপর ভরসা রাখো হতেও পারে ছেলেটা ভালো ।

গঙ্গার মা এখন কেমন যেন চুপকরে থাকে একটা কথা জিজ্ঞেস করলে তার জবাব অনেক পরে দেয়, মুখ বুঁজে কাজ করে চলে যায়। কথায় আছে দিন কারোর সমান যায়না। একদিন হঠাৎ করে সন্তুর অফিসে ফোন এলো! রাজীব বাবু অফিসে সিঁড়ি দিয়ে নামতে গিয়ে পা পিছলে পড়ে গিয়ে মাথায় চোট পেয়েছেন। অফিসের কলিগ রাই দেরি না করে সংগে সংগে নার্সিং হোমে ভর্তি করে। মাথায় অপারেশনের করতে হতে পারে।অনেক টাকার দরকার সন্তু ছোটো ভাই মিন্টু কে ফোন করে সব জানালো।

সেই দিনই মাকে সঙ্গে নিয়ে বাবাকে দেখতে গেলো মিন্টু । তার আগে কোলকাতার আত্মীয় স্বজনরা ও এসে গিয়েছিলো। ওরা কোলকাতায় থেকেই বাবার ট্রিটমেন্ট করাবে সিদ্ধান্ত নিলো। এদিকে পাড়ার লোকেরাও শুনে ছিলো অপারেশনের কথাটা অনেক টাকার প্রয়োজন।

জমে মানুষে টানাটানির পর দু হপ্তা বাদ বাবাকে নিয়ে বাড়ি ফিরে এলো। অপারেশন করার আর দরকার পড়েনি কারন মাথায় যে অংশে রক্ত জমে গিয়েছিলো সেটা ওষুধেই ধীরে ধীরে ঠিক হয়ে যাচ্ছে ডাক্তার বলেছে অল্প কিছু দিনের মধ্যেই ঠিক হয়ে যাবে কিন্তু ওষুধ গুলো নিয়মিত খেতে হবে।

সেই দিন সন্ধ্যায় গঙ্গার মা এসে হাজির বললো বৌদি দাদা কেমন আছে গো?

মনিকা বললো হ্যাঁ আগের থেকে অনেক ভালো, বসো চা খাবে?গঙ্গার মা বললো নাগো একটা দরকারে এসেছিলাম বকবে নাতো? মনিকা বললো না না তুমি বলো। গঙ্গার মা একটা ছোটো প্যাকেট দিয়ে বললো এই গুলো তুমি রাখো, মনিকা বললো কি এ গুলো? আমার কানের গলার, হাতের - সব মিলিয়ে অল্প কিছু টাকা হবে, তোমার এখন অনেক টাকার দরকার দাদাকে সুস্থ করে তুলতে হবে তো? মনিকা বললো এবার তোমাকে আমি?? বলে গঙ্গার মাকে জড়িয়ে ধরে ফুঁপিয়ে কেঁদে উঠলো, তোমার দাদা বাবু খুব ভালো আছে অপারেশন করতে হবেনা কিছু দিনের

মধ্যেই সেরে উঠবে, তুমি এগুলো তোমার

মেয়ের জন্য – এবার গঙ্গার মা কথাটা শেষ হতে না দিয়েই বললো বৌদি

একটা ভালো খবর আছে, জানো গঙ্গা জামাই কে নিয়ে বাড়ি ফিরে এসেছে ।

আমি জানতাম না গো ও তোমাদের মতো ভালো ঘরের ছেলে। সন্তুর মতো অফিসে কাজ করে, তবে একটাই শর্ত আমাকে আর লোকের বাড়িতে কাজ করতে দেবে না বলেছে, তবে তোমাদের বাড়িতে আসবো কিন্তু?

না বলতে পারবেনা বলে দিচ্ছি। মনিকা ভেজা চোখে এতো মনো কষ্টের মধ্যেও

একটু হাঁসলো। সে হাঁসি শুধু বাড়িতে

বাসন মাজা কাজের লোক বলে নয়

একজন সত্যি কারের খাঁটি মানুষের সরলতায়, বিশ্বাসের,ভরসায়।

সামনেই রাষ্ট্রপতি নির্বাচন, গুরুত্ব বাড়ল তৃণমূল সুপ্রিমোর

নতুন দিল্লি: দেশের সব থেকে বড়ো রাজনৈতিক জল্পনা হল ভারতের ১৬ তম রাষ্ট্রপতি নির্বাচন। ইতি মধ্যেই রাষ্ট্রপতি পদে প্রার্থী ঘোষণা করে দিয়েছে বিজেপির পাশাপাশি বিরোধী জোট। জুলাই মাসে নির্বাচন প্রক্রিয়াটি হতে চলেছে। পরিসংখ্যান বলছে বড় অঘটন না ঘটলে বিজু জনতা দল, ওয়াইএসআর কংগ্রেস-সহ আরও কয়েকটি দলের সমর্থন বিজেপি প্রার্থী পেতে চলেছেন। অর্থাৎ রাষ্ট্রপতি নির্বাচনে বিজেপির প্রার্থী দ্রৌপদী মুর্মুর জয় একপ্রকার সুনিশ্চিত বলেই মনে করা হচ্ছে। সেখানে কিছুটা পিছিয়ে থাকবেন বিরোধী জোটের প্রার্থী যশবন্ত সিনহা।

মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রস্তাবে সাড়া দিয়ে বিরোধী দলগুলি তাঁকেই রাষ্ট্রপতি পদে সর্বসম্মতিক্রমে নির্বাচন করেছেন। তবে রাষ্ট্রপতি নির্বাচনে যশবন্তের হার হলেও জাতীয় রাজনীতিতে মমতার গুরুত্ব নিঃসন্দেহে আরও অনেকটা বেড়ে গেল। এর আগে মমতার উদ্যোগে দিল্লিতে বিরোধী জোটের বৈঠক হয়। তাতে ঠিক হয়েছিল রাষ্ট্রপতি নির্বাচনে সর্বসম্মতভাবে প্রার্থী দেবে বিরোধীরা। সেদিন বাংলার মুখ্যমন্ত্রীর উদ্যোগে দিল্লির কনস্টিটিউশন ক্লাবে হওয়া বৈঠকে তৃণমূল-সহ সতেরোটি দলের শীর্ষ নেতানেত্রী সম্মিলিতভাবে রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী প্রার্থী দেওয়ার ব্যাপারে একমত হয়েছিলেন।

সকলেই চেয়েছেন বিরোধী জোটের পক্ষ থেকে সর্বসম্মতভাবে রাষ্ট্রপতি পদে প্রার্থী হোন এনসিপি সুপ্রিমো শরদ পাওয়ার। কিন্তু সেই প্রস্তাবে রাজি হননি তিনি। আরও কয়েক বছর সক্রিয় রাজনীতি করতে চান তিনি, এমনটাই জানিয়েছিলেন পাওয়ার। শরদ পাওয়ার রাজি না হলে বিকল্প প্রার্থী হিসেবে পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল তথা মহাত্মা গান্ধীজির দৌহিত্র গোপালকৃষ্ণ গান্ধী অথবা জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লার নাম প্রস্তাব করেছিলেন মমতা।

এর পাশাপাশি বিরোধী শিবিরের প্রার্থী হিসেবে প্রাক্তন প্রধানমন্ত্রী এইচডি দেবেগৌড়ার নামও জল্পনায় উঠে আসে। কিন্তু শেষ পর্যন্ত ফারুক আবদুল্লা ও গোপালকৃষ্ণ গান্ধী প্রার্থী হতে রাজি না হওয়ায় যশবন্ত সিনহার নামে সিলমোহর দেয় বিরোধী জোট। তবে যেভাবে রাষ্ট্রপতি নির্বাচনকে সামনে রেখে মমতা সমস্ত বিরোধী দলকে একমঞ্চে এনেছিলেন তা সবার নজর কাড়ে। বিরোধীদের সেই বৈঠকের দিকে বিশেষ নজর ছিল বিজেপিরও। মমতার ডাকে সাড়া দিয়ে বৈঠকে উপস্থিত ছিলেন শরদ পাওয়ার, অখিলেশ যাদব, মেহবুবা মুফতি, মল্লিকার্জুন খাড়্গে-সহ বিরোধী দলগুলির শীর্ষ নেতৃত্ব।

বৈঠকে বামেদের প্রতিনিধিরাও হাজির ছিলেন। তবে আম আদমি পার্টির তরফ থেকে বৈঠকে কেউ হাজির না থাকায় অনেকেই অবাক হয়েছিলেন। কারণ আপ প্রধান তথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের সঙ্গে মমতার সম্পর্ক অত্যন্ত মসৃণ। সেই বৈঠকে আপের তরফ থেকে কোনও উল্লেখ্যযোগ্য নেতা উপস্থিত থাকবেন বলে শোনা গিয়েছিল। সেক্ষেত্রে সামনে এসেছিল মণীশ সিসোদিয়ার নাম। এছাড়া সেই বৈঠকে প্রত্যাশিতভাবেই অংশ নেয়নি ওয়াইএসআর কংগ্রেস, বিজেডি ও অকালি দল।

তবে বেশ কিছুদিন ধরে বিজেপির বিরুদ্ধে সুর চড়ালেও টিআরএস কোনও প্রতিনিধি পাঠায়নি সেই বৈঠকে। আর সেই বৈঠকে স্পষ্ট হয়ে যায় যে দিল্লিতে বিরোধী রাজনীতির মধ্যমণি সেই মমতাই। বৈঠক শেষে সেদিন তৃণমূল নেত্রীকে বেশ হাসিখুশি মেজাজে বলতে শোনা গিয়েছিল, "এই বৈঠকের সবচেয়ে বড় বিষয় হল গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলগুলি এখানে এসেছে। গুটিকয়েক দল আসেনি। তাদের নিশ্চয়ই কোনও বাধ্যবাধকতা ছিল। সেটাকে গুরুত্ব দিয়ে লাভ নেই। আমরা সিদ্ধান্ত নিয়েছি সর্বসম্মতভাবে একজনকে প্রার্থী করা হবে। আমরা আবারও আলোচনায় বসব।"

সেই সূত্রেই শরদ পাওয়ারের ডাকা দ্বিতীয় দফার বৈঠকে মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রস্তাবিত প্রার্থী যশবন্ত সিনহার নাম চূড়ান্ত করা হয় রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হিসেবে। অর্থাৎ এটা পরিষ্কার হয়ে গেল বর্তমানে বিরোধী জোটকে কন্ট্রোল করছেন বাংলার মুখ্যমন্ত্রী। সেক্ষেত্রে আগামী লোকসভা নির্বাচনের আগে বিরোধী জোটের প্রধান মুখ হিসেবে অর্থাৎ প্রধানমন্ত্রী পদপ্রার্থী হিসেবে মমতার নাম যে অনেকেই প্রস্তাব করবেন সেই বাতাবরণ অত্যন্ত স্পষ্ট। এটা বলা যেতেই পারে জ্যোতি বসু, প্রণব মুখোপাধ্যায়ের পর দ্বিতীয় বাঙালি হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায় দিল্লি রাজনীতিকে কন্ট্রোল করছেন। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় রাজনীতির সমীকরণ আগামী দিনে কোন দিকে বাঁক নেয় এখন সেটাই দেখার।

বাতিল হতে পারে উত্তরবঙ্গের বহু কলেজের ১২-বি অনুমোদন

কোচবিহার: বিভিন্ন সময়ে উত্তরবঙ্গের কলেজগুলিকে ইউজিসি উন্নয়নমূলক খাতে টাকা দিলেও বেশিরভাগ কলেজ সেই টাকার হিসেব দিতে না পারায় বাতিল হতে পারে তাদের '১২-বি'-এর অনুমোদন। উত্তরবঙ্গের অনেক কলেজকেই চিঠি মারফত এই কথা জানিয়ে দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তথা ইউজিসি। কলেজের বিভিন্ন উন্নয়ন খাতে টাকা দিয়েছে ইউজিসি। নিয়ম অনুসারে সেই টাকা পাওয়ার পর তিনটি শিক্ষাবর্ষের মধ্যেই যাবতীয় হিসাব কমিশনে পাঠাতে হয়। কিন্তু নির্দিষ্ট সময় পার হয়ে যাওয়ার পরেও অনেক কলেজই সেই হিসাব পাঠায়নি। কমিশনের এক আধিকারিক জানান, উত্তরবঙ্গের তিরিশটিরও বেশি কলেজকে চিঠি পাঠানো হয়েছে। উল্লেখ্য, এর আগেও এই কলেজগুলিকে চিঠি দিয়ে সতর্ক করা হয়েছিল। কিন্তু কোন কাজ হয়নি। তাই এবার সঠিক সময় নথিপত্র না পেলে অনুমোদন বাতিল করা ছাড়া আর কোন উপায় নেই।

ইউজিসি-র আর্থিক বরাদ্দ পেতে গেলে ইউজিসি আইন ১৯৫৬-র বি ধারা অনুসারে অনুমোদন বাধ্যতামূলক। ন্যাকের দ্বারা স্বীকৃত হলে এবং ১২বি–এর অনুমোদন থাকলে কলেজ গুলি ইউজিসি-র মোটা অঙ্কের অনুদান পায়। উত্তরবঙ্গের বহু কলেজই নানা কাজের জন্য কয়েক কোটি টাকা করে অনুদান পেয়েছে। ১২বি-এর অনুমোদন বাতিল হয়ে গেলে কেন্দ্র সরকারের কোন অনুদানই কার্যত কলেজগুলি আর পাবেনা। বলাবাহুল্য, গবেষণা, ল্যাবের পরিকাঠামো উন্নয়ন, খেলাধুলা, হোস্টেল তৈরি সহ পরিকাঠামো উন্নয়নের নানা কাজে ইউজিসি-র অনুদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফলে অনুমোদন বাতিলের চিঠি পাওয়ায় চাঞ্চল্য তৈরি হয়েছে বিভিন্ন কলেজে। এমনকি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক মহলেও জোর আলোচনা শুরু হয়েছে।

ইউজিসি-র চিঠি এসেছে কোচবিহার কলেজেও। কলেজের অধ্যক্ষ পঙ্কজ দেবনাথ বলেন, আমরা একাধিকবার হিসাব জমা দেওয়ার পরেও কেন হিসাব চাওয়া হচ্ছে বুঝতে পারছিনা। তবে ফের যাবতীয় হিসাব পাঠিয়ে দিয়েছি। এদিকে ইউজিসি-র ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেছেন কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দেবকুমার মুখোপাধ্যায়। তাঁর বক্তব্য, আজ প্রায় পাঁচ বছর ধরে ইউজিসি কলেজ গুলোকে অর্থ সাহায্য করছেনা। তারওপর যে ভাষায় চিঠি পাঠিয়েছে তাতে হুমকির সুর স্পষ্ট। তিনি আরও বলেন ইউজিসি পরিকল্পনা মাফিক কিছু কলেজের ১২-বি-এর অনুমোদন বাতিল করে দিতে পারে বলে মনে করা হচ্ছে।

প্রাইভেট টিউশন পড়ানো বন্ধ হচ্ছে সরকারি শিক্ষকদের

কলকাতা: সরকারি বিদ্যালয় শিক্ষকদের প্রাইভেট টিউশন পরানো বন্ধ হতে চলেছে। মুখ্যমন্ত্রীর নির্দেশের পর প্রাইভেট টিউশন নিয়ে কড়া পদক্ষেপ নিতে চলছে শিক্ষা দফতর। বিদ্যালয় শিক্ষা দফতরের তরফে বিজ্ঞপ্তি জারি করে বলা হয়েছে সরকারি স্কুলের শিক্ষক-শিক্ষিকারা কোনও প্রকার প্রাইভেট টিউশন করতে পারবেন না। সরকারি নির্দেশিকা অমান্য করলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এর আগে বামফ্রন্ট সরকার ও শিক্ষকদের প্রাইভেট টিউশন বন্ধ করার পক্ষে ছিল। সেই সময় তৎকালীন মুখ্যমন্ত্রী উদ্যোগে স্কুল ও কলেজ শিক্ষক-শিক্ষিকাদের প্রাইভেট টিউশন বন্ধ করা হয়েছিল। কিছুদিন পর আবারও আগের অবস্থায়ই ফিরে আসে। অনেক অভিভাবকের অভিযোগ, স্কুল-কলেজ শিক্ষকরা বিদ্যালয়ের থেকে নিজের বাড়িতে বা অন্য কোনও কোচিংয়ে বেশি ভালো করে পড়ান। বেতন ছাড়াও অতিরিক্ত বিশাল অঙ্কের টাকা রোজগার করেন তাঁরা এই পথে। অভিভাবকদের আরও অভিযোগ, বিশেষ কোনও শিক্ষকের কাছে না-পড়লে পরীক্ষায় নম্বর পাওয়া যায় না। এমনকী কেউ কেউ ফেল করানোর ভয় দেখিয়ে কোচিংয়ে যেতে বাধ্য করেন। এইসব অভিযোগের নিরিখেই এবার বিদ্যালয় শিক্ষা দফতর এই নোটিস জারি করেছে।

পিএসি চেয়ারম্যান হতে চলেছেন কৃষ্ণ কল্যাণী

কলকাতা: দল বদল হলেও এখনো সংশয় রয়ে গেছে কোন দলে আছেন তিনি। খাতায় কলমে তিনি বিরোধী দলের বিধায়ক। সেই পরিচয়েই মুকুল রায়কে বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটির (পিএসি) চেয়ারম্যান করা হয়েছিল। কিন্তু বিজেপি ছেড়ে তৃণমূলে যোগ দেওয়া মুকুলের বিধায়ক-পদ খারিজের আবেদন জানিয়ে সোচ্চার হয় গেরুয়া দল। এমন একজন বিধায়ককে কেন পিএসি-র চেয়ারম্যান করা হল, সেই প্রশ্ন তুলে আদালতের দ্বারস্থ হয় বিজেপি।

দীর্ঘ টানাপোড়েনের পর অবশ্য অসুস্থতার কারণে পিএসি-র চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দেন মুকুল। সূত্রের খবর, মুকুলের জায়গায় পিএসি-র শীর্ষ পদে নিয়ে আসা হতে পারে আরও এক 'দলবদলু' বিধায়ক কৃষ্ণ কল্যাণীকে। শেষ পর্যন্ত যদি এই সিদ্ধান্তই চূড়ান্ত হয়, তাহলে নতুন করে পিএসি চেয়ারম্যান পদ নিয়ে শুরু হবে শাসক ও বিরোধী তরজা।

ইতিমধ্যেই পিএসি পদ থেকে মুকুলের ইস্তফাপত্র গ্রহণ করা হয়েছে। মঙ্গলবার সেকথা জানিয়েছেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। একই সঙ্গে তিনি জানিয়েছেন, পিএসি-র সদস্যও আর থাকছেন না কৃষ্ণনগর উত্তরের বিজেপি বিধায়ক। বিমান জানিয়েছেন, মুকুলের জায়গায় কমিটিতে নতুন সদস্য নেওয়া হবে এবং পরবর্তী চেয়ারম্যান বেছে নেওয়া হবে। সরকারি সূত্রের ইঙ্গিত, মুকুলের জায়গায় আনা হতে পারে রায়গঞ্জের বিধায়ক কৃষ্ণ কল্যাণীকে। তাঁকে পিএসি-র সদস্য করে নতুন চেয়ারম্যানের দায়িত্ব সঁপা হতে পারে।

একুশের বিধানসভা ভোটে বিজেপির প্রতীকে রায়গঞ্জ থেকে জিতলেও পরে তৃণমূলে যোগ দেন কৃষ্ণ। মুকুলের দলত্যাগ-বিরোধী আইনে তাঁর বিধায়ক-পদ খারিজের আবেদন জমা দেওয়া হয়েছে অধ্যক্ষের কাছে। মুকুলের মতো আরও এক 'দলবদলু' নেতাকে যদি পিএসি-র চেয়ারম্যান করা হয়, তাহলে তারা সেটা মানবে না বলেই ইঙ্গিত বিজেপি পরিষদীয় দল সূত্রে।

প্রকল্পের টাকা না পেলে দিল্লী যাবেন মুখ্যমন্ত্রী

কলকাতা: রাজ্য সরকার ও কেন্দ্র সরকারের মধ্যে বিরোধিতা বরাবরের। এবার সেই বিরোধিতা তুঙ্গে উঠল আবাস যোজনা প্রকল্পকে কেন্দ্র করে। বিরোধীরা অভিযোগ তুলেছে যে, কেন্দ্রীয় প্রকল্প বাংলার নামে চালিয়ে দেওয়া হয় এই রাজ্যে। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকেও এই ইস্যুতে কড়া বার্তা দেওয়া হয়েছিল। কিন্তু বর্ধমানের সভা থেকে চরম হুঁশিয়ারি দিয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি স্পষ্ট জানালেন, বাংলা আবাস যোজনার নামে টাকা না পেলে দিল্লি যাবেন তিনি।

মমতা বলেন, যে কোনও রাজ্যে নিজের নামে প্রকল্প থাকতে পারে। উত্তরপ্রদেশ, রাজস্থান সব রাজ্যে। কিন্তু বাংলায় থাকলেই তাতে আপত্তি তোলা হচ্ছে। কেন, প্রশ্ন তোলেন তিনি। সঙ্গে বলেন, বাংলার বাড়ি, বাংলার সড়ক যোজনার টাকা আটকে রাখছে কেন্দ্র। আবাস যোজনার নামে টাকা যদি না পাওয়া যায় তাহলে নিজেই দিল্লি যাবেন তিনি, এমনই হুঙ্কার দিলেন মুখ্যমন্ত্রী।

তিনি সাফ জানিয়ে দেন, বাংলার নাম দিয়ে প্রকল্প করলে কোনও দোষ নেই। বাংলা নাম থাকলে টাকা দেবে না, এটা হতে পারে না। পাশাপাশি বিজেপি সরকারকে একহাত নিয়ে তিনি আরও একবার ঘোষণা করে দেন, বাংলার বাড়ি প্রকল্প চলবে।

বিরোধী মূলত বিজেপির অভিযোগ ছিল যে, কেন্দ্রীয় প্রকল্পের নাম বদলে দেওয়া হচ্ছে বাংলায়। কেন্দ্রীয় সরকারের ভূমিকা কী তা চেপে দেওয়ার জন্যই পশ্চিমবঙ্গের মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার এই কাজ করছে। অনেক আগে থেকেই এই নিয়ে সরব হয় বিজেপি বঙ্গ ব্রিগেড। সেই নিয়ে কেন্দ্রীয় সরকারও হস্তক্ষেপ করেছিল।

অতি বৃষ্টির ফলে, ধসের শিকার উত্তরবঙ্গ, গ্যাংটকের পাহাড়ি অঞ্চল

শিলিগুড়ি: বর্ষাকালের আগমন ঘটতেই অনবরত বৃষ্টি হয়ে চলেছে উত্তরবঙ্গ এবং পার্শ্ববর্তী অঞ্চলগুলিজুড়ে। একটানা বৃষ্টির জেরে দেখা গেছে পাহাড়ের একাধিক অঞ্চলে ভূমিধস। এরকমই প্রাকৃতিক দুর্যোগ সিকিমে প্রাণ কেড়েছে মা সহ দুই শিশুর।

বিগত কয়েক দিন ধরেই উত্তরবঙ্গের নিকটবর্তী রাজ্য সিকিমে শুরু হয়েছে অতিবৃষ্টি। আর সেই বাঁধভাঙা বৃষ্টিপাতের জেরেই ২৭ জুন মধ্যরাত ১:১৫ নাগাদ গ্যাংটকের এক বিস্তীর্ণ এলাকায় ভূমিধস নামে। এই ধসের কারণেই হুড়মুড়িয়ে ভেঙে পড়ে এলাকার স্থানীয় বাসিন্দা বিমল মঙ্গারের বাড়ি। আর সেই বাড়ি চাপা পড়েই মৃত্যু হয় দুই শিশুসহ মোট তিনজনের।

জানা গিয়েছে, ঘুমের মধ্যেই বিমল মঙ্গারের স্ত্রী ডোমা শেরপা (২৭), তাঁর আট বছর এবং সাত মাসের দুই শিশুর মৃত্যু হয়েছে। এখনও নিখোঁজ গৃহকর্তা। তাঁর খোঁজে তল্লাশি চালাচ্ছে স্থানীয় প্রশাসন। উদ্ধারকাজে নেমেছে SDRF। গ্যাংটকের SDM রবিন শেরপা বলেন, 'জোরকদমে উদ্ধারকাজ চলছে। ধ্বংসাবশেষ সরিয়ে নিয়ে যাওয়ার কাজ চালাচ্ছে SDRF। জেলা প্রশাসন দমকল বাহিনী, পুলিশ ঘটনাস্থলে রয়েছে।'

উল্লেখ্য, বর্ষা আসতেই চলতি মাসে খারাপ আবহাওয়ার কারণে উত্তরবঙ্গ এবং সিকিমের পার্বত্য অঞ্চলের একাধিক জায়গায় ভূমিধস নেমেছে। কিছুদিন আগেই সিকিমের রংপোতে ভূমিধস নেমে বন্ধ হয়ে গিয়েছিল রাস্তা। যে কারণে উত্তরবঙ্গের সঙ্গে সিকিমের যোগাযোগ কার্যত কয়েক ঘন্টার জন্য সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যায়। রাস্তার মধ্যেই আটকে পড়ে একাধিক পর্যটক বোঝাই গাড়ি। বেশ কয়েক ঘণ্টা চেষ্টার পরে ফের ওই রাস্তায় গাড়ি চলাচল শুরু হয়।

উল্লেখ্য, চলতি বছরের ৩ জুন থেকে একটানা বৃষ্টিপাতের কারণে যে কয়েকটি ভূমি ধস নেমেছে তাতে এখনো পর্যন্ত ৬০ জনের মৃত্যু হয়েছে বলে খবর। এছাড়াও দফায় দফায় নামায় ধসের কারণে সিকিমের বিভিন্ন জায়গায় একাধিক বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। অন্যদিকে সিকিম ছাড়াও অতি ভারী বৃষ্টিপাত হয়েছে পারে দার্জিলিং এবং কালিম্পংয়েও, হাওয়া অফিস সূত্রে খবর এমনটাই। লাগাতার বৃষ্টির কারণে উত্তরবঙ্গের এই সমস্ত পাহাড়ি এলাকাতেও ধস নেমেছে প্রশাসন।

ইতিমধ্যেই দার্জিলিংয়ের আন্ধেরি জোরা এলাকায় ধস নেমে বিপর্যস্ত গোটা এলাকা। গত সপ্তাহেই ধসের কারণে ওই এলাকায় বহু পর্যটক আটকে পড়েছিলেন। এছাড়া ধস নামে কালিম্পংয়েও। সবে মিলে বর্ষা পড়তেই ক্রমশ বিপদজনক হয়ে উঠছে সিকিম এবং উত্তরবঙ্গের একাধিক এলাকা।

বুক রিভিউঃ "আমি তাদের দলে নেই"

পীযুষ সরকার

খুরশিদ কোন দল করে আমি জানি না। নাকি সে নিজেই নিভৃত ও নিঃসঙ্গ এক দল!
হৃদয় রঙের কোনো বিশেষ পতাকা উড়িয়ে যে একা একা অবরোধ করতে চায় তার বিক্ষুব্ধ সমকাল; সর্বগ্রাসী শূন্যতার দিকে ছুঁড়ে দিতে চায় তাঁর বিষণ্ণ, ভাঙা অক্ষরের কাচ। আমরা লক্ষ্য করি খুরশিদের "... ভেতর ক্রমশ ঢুকে পড়ছে বাঘ", তার কপালে 'সম্ভাবনাময় চাঁদ'...তাঁর 'প্রতিটি স্বপ্ন ভঙ্গের ভেতরেও থাকে এক একটি স্বপ্নের বসবাস'। 'কিছুটা দূরে এগিয়ে রয়েছে শান্তিপাড়া, রহস্যময়, শাদাবাড়ি'- সম্ভবতঃ কবি খুরশিদ সেখানেই ভাড়া থাকে; 'ফুটিয়ে তোলে নিজস্ব বেদনা'। ব্যক্তি খুরশিদ সম্পর্কে আমার ভাই, কবি খুরশিদ দূরসম্পর্কের মিটমিটে আলো। সদাহাস্য, আধুনিক, সুবিবেচক, বিজ্ঞানমনস্ক ছেলেটির 'বুকের ভেতর আজন্ম একটা দাগ/ আর
কিছু বোবা মৌনতা'; আর ডুয়ার্সের চিরন্তন গাছপালা, কুলুকুলু নদী, নাম না জানা পাখিদের উড়াল। খুরশিদ বলেন-' দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া ভুপেনের দেহ/ সে এখন পাখি..../আমিও একদিন গাছ হবো"। খুরশিদ মস্তিষ্কের চেয়েও বেশি হৃদয়ের কবি; ব্যাকরণের চেয়ে বেশি অন্তঃকরণের। সে একজন 'প্রচ্ছন্ন ভিখারি'; অন্তর্নিহিত অভাব ও আপত্তি দ্বারা প্রভাবিত তাঁর উচ্চারণ। আর যাই করুক; খুরশিদ বানিয়ে কবিতা লেখে না। কবিতার নামে আত্মঘাতী শব্দছক পূরণ করেনা। সে যেটা করে, সেটা তার জীবন ও যাপনের ক্রিয়া-প্রতিক্রিয়ায় অভিজ্ঞতালব্ধ আন্তরিক, স্বরচিত ইন্দ্রজাল। "মোহভঙ্গ যুবকের মতো সেও চায় একটু ভাত দুটো রুটি"...'সারে তিন হাত মাটি হয়ে ওঠে' তাঁর 'বসতবাড়ি'; অথচ তাঁর "বান্ধবীর দেওয়া টি-শার্টে লেখা ছিল-ভালোবাসি"... খুরশিদের কবিতা পড়লে মন খারাপ হয়; মন খারাপ হয়ে আবার মন ভালোও হয়। মনে হয় এইসব তো আমার কথা, আমাদের কথা। তাহলে খুরশিদ কেন বলছে 'আমি তাদের দলে নেই'? তাহলে কি সে আমাদের সবাইকে তার দলে টেনে নিতে চাইছে কবিতার জলজ্যান্ত মায়া লাগিয়ে? আসলে খুরশিদ যুগপৎ এক ও বহুবচন। খুরশিদ ভীষণ একা এবং অনেকজন। সর্বোপরি কবিতাই কবির পরিচয় হোক। তাঁর কবিতায় যে অমায়িক অশ্রুসিক্ত ভাটফুল ফুটে থাকে, বরং সেরকম একটি দৃশ্য বা অদৃশ্য দিয়েই শেষ করি-

ভাটফুল
-খুরশিদ আলম

বৈকুণ্ঠপুর থেকে মামাবাড়ির দূরত্ব ছয় মাইল
বৈকুণ্ঠপুরের পোশাকি নাম ভাটফুলের দেশ
যেতে যেতে পথের দু-ধারে অজস্র ভাটফুলের দেখা মেলে
হঠাৎ একদিন বৃহস্পতিবার ভাইরাল জ্বরে মামা মারা গেলেন
এখন মাঝ রাতে প্রায়ই মামা আসেন

রাস্তায় ফুটে থাকা ভাটফুলে মামা জেগে থাকেন

**
আলোচক: কবি পীযূষ সরকার (পীযূষদা)

আমি তাদের দলে নেই
খুরশিদ আলম
প্রকাশক- শাঙ্খিক
প্রচ্ছদ-রাজদীপ পুরী, মূল্য-৮০/-

জীবন যুদ্ধের এক সংগ্রামী জয়ী এক নায়কের নাম ডাক্তার অজয় মন্ডল

পার্থ নিয়োগী

সুমনের সেই বিখ্যাত গান 'হাল ছেরোনা বন্ধু' যেন লেখা হয়েছিল তার কথা ভেবেই। আর সেই ব্যাক্তিটি হলেন জনপ্রিয় চিকিৎসক তথা সমাজসেবক ডাক্তার অজয় মন্ডল। দক্ষিন চব্বিশ পরগনার সুন্দরবন সংলগ্ন কুলতলি থানার অর্ন্তগত প্রত্যন্ত গ্রাম চাদপানায় তার জন্ম। তার জন্মের সময় তাদের পারিবারিক অবস্থা ভালই ছিল। কিন্তু তার বাবা ছিলেন সমাজসেবক। এতটাই তিনি অন্যদের নিয়ে ভাবতেন যে তার পরিবার নিয়ে ভাবার কোন সময়ই ছিলনা। এমনকি তার একমাত্র উপার্জনের ছোট ব্যবসার কথাও ভুলে যেতেন তিনি। ফলে স্বাভাবিক ভাবে তার আর্থিক অবস্থা ক্রমশ খারাপ হতে থাকে। একটা সময় তার আর্থিক অবস্থা চরম দারিদ্রসীমার নিচে নেমে যায়। সে থেকেই দারিদ্রতা তার প্রতিটি সময়ের সঙ্গী। ফলে চরম দারিদ্রতার মধ্যে বেড়ে উঠতে থাকেন অজয় মন্ডল। স্কুলে যেতেন খালি পায়ে, ছিলনা কোন ব্যাগ।একবেলা খেতেন তো আরেক বেলা খাবারই জুটতনা। স্কুল জীবনে আর দশটা বন্ধুর মত ব্যাগে করে টিফিন বাক্সে টিফিন নিয়ে যাবার সৌভাগ্য তার কোনদিনই হয়নি। গরীব বলে অনেক সহপাঠি তাকে হেয় ভাবে দেখত। তা গভীর বেদনাবোধের সৃষ্টি করত অজয় বাবুর মনে। মাকে দেখেছেন পরিবারের জন্য অমানুষিক পরিশ্রম করতে। সকাল হতেই দেখেছেন মাকে সব্জি নিয়ে বাজারে বিক্রী করার জন্য ছুটতে। প্রাইভেট টিউশন আর নতুন বই কেনা তার কাছে ছিল একপ্রকার বিলাশিতা। স্কুলের সিনিয়র ক্লাশের দাদাদের কাছ থেকে পুরনো বই নিয়ে পড়তেন। এভাবেই পড়তে পড়তে স্টার মার্ক্স নিয়ে মাধ্যমিকে খুব ভাল রেজাল্ট হয় তার। এরপর উচ্চ মাধ্যমিকে চরম দারিদ্রতার মধ্যে দিয়ে আধপেটা খেয়ে বিজ্ঞান নিয়ে পড়া। অসাধারন রেজাল্ট করলেন উচ্চমাধ্যমিকেও। সেইসাথে জয়েন্টেও ইঞ্জিনিয়ারিং-এ খুব ভাল ফল করে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ হয় তার। কিন্তু প্রতিবন্ধকতা হয়ে দাঁড়ায় বাড়ির আর্থিক অবস্থা। এক আত্মীয়ের বাড়িতে থেকে এবার শুরু করলেন মেডিকেলে ভর্তির প্রস্তুতি। পরেরবার একদম তাক লাগিয়ে একদম নিজের চেষ্টায় মেডিকেলে ২৭ রেঙ্ক করে সবাইকে চমকে দেন। কিন্তু এখানেও সমস্যা হয়ে দাঁড়ায় অর্থ। ডাক্তারি পড়ার অর্থ আসবে কোথা থেকে ? কিন্তু ভাগ্যিস কলকাতা পুলিশ ছিল। অনেকেই অবাক হয়ে ভাববেন এরসাথে কলকাতা পুলিশের সম্পর্ক কি ? আসলে কলকাতা পুলিশের কমিউনিটি বিভাগ বলে একটা শাখা আছে। সংবাদপত্রে অজয় মন্ডলের সাফল্যের কথা পড়ে তারাই যোগাযোগ করে অজয় মন্ডলের সাথে। এরপর কলকাতা পুলিশই অজয় মন্ডলের ডাক্তার অজয় মন্ডল হয়ে ওঠার সমস্ত দায়িত্ব নেয়। তাই আজও কলকাতা পুলিশের প্রতি তার কৃতজ্ঞতা ঝরে পরে সবসময়। তিনি বলেন ' সেদিনের সেই প্রিয় পুলিশ কাকুরা যদি পাশে না থাকতেন তবে আজকের এই চিকিৎসক হয়ে ওঠা তারপক্ষে সম্ভব ছিলনা'। তাই কলকাতায় যখনই তিনি যান তখনই গিয়ে দেখা করেন সেদিনের পুলিশ কাকুদের সাথে।সময়ের চক্রে আজ তিনি ডাক্তার অজয় মন্ডল। এরই মাঝে ইন্ডিয়ান সিভিল সার্ভিসেও সে ভাল রেঙ্ক করে। কিন্তু তিনি জানতেন আমলাদের হাত বাঁধা রাজনৈতিক নেতাদের কাজে। তাই আর সিভিল সার্ভিসে যোগ না দিয়ে। স্বাস্থ্য দপ্তরের সরকারি চিকিৎসকের কাজে যুক্ত হন। বিভিন্ন কারনে বাবার অনুমতি নিয়ে সরকারি চিকিৎসকের কাজ থেকে ইস্তাফা দিয়ে তিনি নিজেকে আরও বেশি করে মানুষের সেবায় নিজেকে নিযুক্ত করলেন। দারিদ্রতা কি জিনিস তা তিনি ভোলেননি। তাই শুধু গরীব মানুষের বিনে পয়সায় চিকিৎসা কিংবা

স্যামপেল ফাইল দিয়ে সাহায্য নয়। তার চেয়েও অনেক বেশি সামাজিক দায়িত্ব তিনি পালন করে চলেছেন। প্রচুর অসহায় বৃদ্ধ বৃদ্ধাদের দায়িত্ব পালনের পাশাপাশি অনেক দুঃস্থ মেধাবী ছাত্র ছাত্রীর পড়াশোনার দায়িত্ব নিয়েছেন। এবছর তিনি যে ৯৭ জন উচ্চ মাধ্যমিকের ছাত্র ছাত্রীর দায়িত্ব নিয়েছিলেন তাদের মধ্যে ৯০ জন পেয়েছে ৯০% ওপর নম্বর। করোনার সময় তিনি যেভাবে মানুষের চিকিৎসা করেছেন কোনরকম ভয়ডর ছাড়া তা সত্যিই দেখার মত। কোচবিহারের রাসচক্রের নির্মাতা আলতাফ মিয়াঁর অসুস্থতার খবর শুনে তিনি নিজে খাদ্যসামগ্রী ওষুধ নিয়ে হাজির হয়েছিলেন তার বাড়িতে। এর পাশাপাশি তিনি আর্থিক সাহায্যও তুলে দেন আলতাফ মিয়াঁর হাতে। আসলে তারা বাবার সমাজসেবার ভাবনাকে তিনি নিজের হৃদয় থেকে গ্রহন করেছেন। তাই নিজের উপার্জনের একটা বড় অংশ তিনি সমাজসেবায় খরচ করেন। আর এই কাজে তাকে যে সব সময় অনুপ্রেরনা দিয়ে চলেন তিনি হচ্ছেন তার স্ত্রী প্রখ্যাত সমাজসেবী মধুমিতা মন্ডল। আর স্ত্রী কে নিয়ে এভাবেই সামাজিক কাজে নিজেকে যুক্ত রাখার কাজ চলছে প্রতিদিন প্রতিমুহূর্তে। সত্যিই বর্তমান সময়ের এক বিরল মানুষ ডাক্তার অজয় মন্ডল।

দেবশঙ্কর হালদার পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি পুরস্কার তুলে দিলেন শিল্পী পৃথ্বীশ রাণার হাতে

পার্থ নিয়োগী

নাট্য জগতের কিংবদন্তি দেবশঙ্কর হালদার পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির চেয়ারম্যান শিশির মঞ্চে পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি পুরস্কার তুলে দিলেন শনিবার বিশিষ্ট কারিগরি শিল্পী পৃথ্বীশ রাণার হাতে।

মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-এর উদ্যোগে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের অধীন পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির বার্ষিক পুরস্কার প্রদান অনুষ্ঠানে নাটকের বিভিন্ন ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের জন্য রাজ্যের ২০ জন অভিনেতা, অভিনেত্রী, নাট্যকার, নির্দেশক, বিকল্প ধারার নাট্যশিল্পী ও নেপথ্য শিল্পীদের পুরস্কৃত করা হয়। পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি পুরস্কার পেলেন বিশিষ্ট নাট্যকর্মী ও কারিগরি শিল্পী পৃথ্বীশ রাণা।

২৫ জুন ২০২২ শনিবার বিকেল ৪ টেয় শিশির মঞ্চে-এ এই পুরস্কার প্রদান করা হয় পৃথ্বীশ রাণা সহ ২০ জনকে।

পৃথ্বীশ রাণা নাট্য জগতের একজন স্বনামধন্য প্রাণপুরুষ। পৃথ্বীশ রাণা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি পুরস্কার পাওয়ায় তাঁর গুণমুগ্ধরা খুবই আনন্দিত হয়েছেন।

পৃথ্বীশ রাণার জন্ম ২৪ অগাস্ট। খুব ছোট বয়সে নাটক চর্চায় হাতেখড়ি হলেও ২০০৯ সালের শেষকালে কালিন্দী ব্রাত্যজন নাট্যদলে যোগদান করেন। নাট্যগুরু ব্রাত্য বসুর অভিভাবকত্বে ধীরে ধীরে বিভিন্ন প্রযোজনায় মঞ্চ পরিকল্পনা, আলোক পরিকল্পনা বা কারিগরি সহায়তা ইত্যাদি বিভাগে নিজের শৈল্পিক চেতন ও নৈপুণ্যতার প্রকাশ ঘটান। ২০২০ এবং ২০২১ সালে পৃথ্বীশের উল্লেখযোগ্য কাজগুলি হল বিনয়ের জীবন, পিতৃভূমি, খোকাদা ইত্যাদি।

পৃথ্বীশ রাণা মঞ্চ পরিকল্পক বা আলোক পরিকল্পক হিসেবে ক্যানভাসার, ব্যোমকেশ, জায়মান, আনন্দীবাঈ, চন্দ্রগুপ্ত, হাজু মিঞার কিসসা, পদ্মগোখরো, তক্ষক, য্যায়সা কা ত্যায়সা, চিরকুমার সভা, হড়পা বান, হাঁসুলী বাঁকের উপকথা, অথৈ জল, জতুগৃহ, কাঁকড়া, মুম্বাই নাইটস্, অমূল্যর ডাইরি, মেঘে ঢাকা তারা, বোমা, পড়ে পাওয়া ষোল আনা, তিন তস্কর, ভয়, অরণ্যদব, দেবদাস, বিবর, উলঙ্গ প্রজা পরিহিত রাজা, ট্যাক্সি সাফ, গিরিগিটি, নাসিকা পুরাণ, আলাউদ্দিন ও পদ্মাবতী

এছাড়াও বিভিন্ন নাটকে নিজের কর্মদক্ষতা প্রদর্শন করেন।

ছোটদের নিয়ে থিয়েটার করেছেন বেশ কিছু। যেমন তাসের দেশ, লক্ষ্মণের শক্তিশেল, চাঁদের পাহাড়, ডমরু চরিত কথা, ভোম্বল সর্দার, পান্ডব গায়েন্দা প্রভৃতি নাটক। কারিগরী সহায়ক হিসেবে কাজ করেছেন চেনা দুঃখ চেনা সুখ, সিনেমার মতো, কে?, অপারেশন ২০১৪, আলতাফ গোমস্, অদ্য শেষ রজনী, ২১ গ্রাম, পাঁচের পাঁচালী, মীরজাফর প্রভৃতি নাটকে।

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধীনস্ত মিনার্ভা নাট্য সংস্কৃতি চর্চা কেন্দ্রে বেশ কিছু বছর কো-অর্ডিনেটর পদে চাকরি করেন পৃথ্বীশ রাণা। শিক্ষাগুরু ব্রাত্য বসুর নাট্যধর্মে দীক্ষিত পৃথ্বীশ বেশকিছু সম্মান অর্জন করেন কলকাতা ও বিভিন্ন জেলার থিয়েটার দলগুলি থেকে। তারমধ্যে হাওড়া ব্রাত্যজন সম্মান, স্বপ্নদর্শী সম্মান, বালিগঞ্জ রেইনেবা থিয়েটার সম্মান, বিজন ভট্টাচার্য স্মারক সম্মান, হাওড়া নাট্যজন সম্মান, আগরপাড়া থিয়েটার পয়েন্ট সম্মান, যাদবপুর মন্থন সম্মান, অশোকনগর প্রতিবিম্ব সম্মান, গোবরডাঙা শিল্পায়ন সম্মান, রমাপ্রসাদ বণিক স্মারক সম্মান ইত্যাদি উল্লেখযোগ্য।

লোকবাদ্য বাঁচাতে গবেষণায় লোকশিল্পী নিখিলকৃষ্ণ

